গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় এক অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু হয়েছে। বুধবার (১৮ মার্চ) সকাল সাড়ে ৬টার দিকে গাংনী- মেহেরপুর সড়কের পোড়াপাড়া বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী পোড়াপাড়া গ্রামের বাসিন্দা মোস্তাফিজুর রহমান জানান, অজ্ঞাত ওই বৃদ্ধ রাস্তা পার হওয়ার সময় গাড়াডোব এলাকা থেকে গাংনীমুখী দ্রুতগতির একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে তিনি সড়কে পড়ে গুরুতর আহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে হাসপাতালে ভর্তি করেন। পরে চিকিৎসাধীন অবস্থায় সকাল ১১টার পর তার মৃত্যু হয়।

স্থানীয় ইউপি সদস্য ফিরোজ আহমেদ জানান, নিহত বৃদ্ধ প্রায় দেড় বছর ধরে পোড়াপাড়া বাজারের বিভিন্ন দোকানের সামনে অবস্থান করতেন। স্থানীয়দের দেওয়া খাবার খেয়েই তিনি জীবিকা নির্বাহ করতেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. এম কে রেজা ও ইশতিয়াক আহমেদ মাসুম জানান, গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন থাকা ওই বৃদ্ধ পরে মারা যান।

এ বিষয়ে গাংনী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার বলেন, নিহতের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। পাশাপাশি দুর্ঘটনায় জড়িত মোটরসাইকেল চালককে শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা করা হচ্ছে।

গাংনীতে ট্রাক্টরের ধাক্কায় শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামে ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে শিহাব হোসেন (৭) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

গতকাল সোমবার দুপুরে নিজ বাড়ির পাশে মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটে। নিহত শিহাব উপজেলার মানিকদিয়া গ্রামের মাঠ পাড়ার কৃষক ওসমান আলীর ছেলে।

স্থানীয়রা জানান, শিশু শিহাবসহ তার কয়েকজন বন্ধু রাস্তার পাশের একটি ছোট্ট প্রাচীরের উপর বসে খেলাধুলা করছিল। পার্শ্ববর্তী একটি কৃষি জমিতে ট্রাক্টর দিয়ে চাষ করা হচ্ছিল। খেলাধুলার একপর্যায়ে শিশু শিহাব আকস্মিকভাবে প্রাচীর থেকে নিচে পড়ে যায়। পড়ে যাওয়ার পরই তার উপর দিয়ে ট্রাক্টরের চাকা উঠে যায় এবং পিষ্ট হয়ে শিহাব গুরুতর আহত হয়। স্থানীয়রা দ্রুত উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার আগেই শিশুটি মারা যায়।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, দুর্ঘটনার খবর পেয়ে হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গায় ইজিবাইকের ধাক্কায় কিশোরের মৃত্যু

আলমডাঙ্গায় সড়ক পার হতে গিয়ে ইজিবাইকের ধাক্কায় কিশোরের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার বিকেলে উপজেলার ডাউকি ইউনিয়নের বাদেমাজু হাজামপাড়া এলাকার সড়কে এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার পর ইজিবাইক চালক দ্রুত ঘটনাস্থল থেকে গাড়ি নিয়ে পালিয়ে যায়।

নিহত শিশির আহমেদ মিহিন (১২) ডাউকি ইউনিয়নের হাজামপাড়ার আক্তার ফারাজীর ছেলে। দুই ভাই ও এক বোনের মধ্যে সে সবার ছোট।

স্থানীয়রা জানান, শনিবার বিকেলে নিজ বাড়ি থেকে সড়ক পার হওয়ার সময় দ্রুতগতিতে ছুটে আসা একটি ইজিবাইক তাকে ধাক্কা দেয়। ধাক্কায় মিহিন সড়কে পড়ে গেলে গাড়িটি তার শরীরের ওপর দিয়ে চলে যায়। এতে সে গুরুতর আহত হয়।

পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে আলমডাঙ্গার একটি ক্লিনিকে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেন। পরবর্তীতে তার শারীরিক অবস্থার অবনতি হলে দ্রুত কুষ্টিয়া সদর হাসপাতালে নেওয়ার পথে মিহিনের মৃত্যু হয়।

সড়ক দুর্ঘটনায় মিহিনের মৃত্যুকে কেন্দ্র করে এলাকায় শোকের ছায়া নেমে আসে। তার মা বারবার মূর্ছা যাচ্ছেন বলেও জানা গেছে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার ওসি মাসুদুর রহমান জানান, বাড়ি থেকে বের হয়ে সড়ক পার হওয়ার সময় ইজিবাইকের ধাক্কায় কিশোরটি আহত হয় এবং পরে কুষ্টিয়ায় নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরিবারের সদস্যরা অপমৃত্যুর মামলার প্রস্তুতি নিচ্ছেন। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে অটোবাইকের ধাক্কায় শিশু মৃত্যু

মেহেরপুরের গাংনীতে অটোবাইকের ধাক্কায় তানিশা (৭) নামে এক কন্যাশিশুর মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাড়াডোব কাচারি এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত তানিশা খাতুন গাড়াডোব কাচারি পাড়ার তামিম ইকবালের মেয়ে।

স্থানীয় ইউপি সদস্য ফিরোজ আহমেদ জানান, তানিশা রাস্তা পার হওয়ার সময় একটি অটোবাইক তাকে ধাক্কা দিলে সে গুরুতর আহত হয়ে মাটিতে পড়ে যায়। তাৎক্ষণিকভাবে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর

জেনারেল হাসপাতালে নেয়। তবে সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীতে কাঠাল গাছের সাথে ধাক্কা, প্রাণ গেলো মটরসাইকেল আরোহীর

মেহেরপুরের গাংনীতে কাঠাল গাছের সাথে মোটরসাইকেলের ধাক্কায় রানা আহম্মেদ (১৭) নামের এক কিশোর নিহত হয়েছে।

আজ বুধবার দুপুরে সাহেবনগর গ্রামের তালতলা মোড় নামক স্থানে মোটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে এ দূর্ঘটনাটি ঘটে। নিহত রানা আহম্মেদ বামন্দী ইউনিয়নের নিশিপুর গ্রামের হামিদুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানাান, রানা আহম্মেদ মোটর সাইকেল যোগে সাহেবনগর থেকে নিজ বাড়ি নিশিপুরে ফিরছিল। দ্রুতগতিতে আসা মোটরসাইকেলটি সাহেবনগর গ্রামের তালতলা মোড় নামক স্থানে পৌছুলে সে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে একটি কাঁঠাল গাছে সাথে ধাক্কা মারে। এতে দুমড়ে মুছড়ে যায় তার মোটরসাইকেলটি। এবং গুরুত্বর আহত হয় কিশোর রানা। স্থানীয়রা তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানি ইসরাফিল বলেন, আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি, আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধিন রয়েছে।

চুয়াডাঙ্গা-মেহেরপুর মহাসড়কে বাসের ধাক্কায় দুইজন নিহত

চুয়াডাঙ্গা-মেহেরপুর মহাসড়কের আলুকদিয়া বাজার এলাকায় বাসের ধাক্কায় দুইজন নিহত হয়েছেন। রোববার দুপুর সাড়ে ১টার দিকে আলুকদিয়া বাজারের অদূরে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন চুয়াডাঙ্গা সদরের আলুকদিয়া ইউনিয়নের মনিরামপুর গ্রামের কাছারিপাড়ার ক্ষুদ্র ব্যবসায়ী পারভীনা খাতুন (৪৫) এবং একই এলাকার ভ্যানচালক রমজান (২৮), তিনি আব্দুর রহমানের ছেলে।

এ ঘটনায় আহত হয়েছেন পারভীনার পুত্রবধূ আনিকা খাতুন (১৮) এবং রাজাপুর গ্রামের ইসরাত জাহান (২৬)।

প্রত্যক্ষদর্শীরা জানান, চুয়াডাঙ্গা শহর থেকে একটি পাখিভ্যান তিনজন যাত্রী নিয়ে আলুকদিয়ার দিকে যাচ্ছিল। আলুকদিয়া বাজারের নিকটে পৌঁছালে চুয়াডাঙ্গা থেকে আসা মেহেরপুরগামী একটি যাত্রীবাহী বাস পেছন দিক থেকে ভ্যানটিকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মারা যান পারভীনা খাতুন। গুরুতর আহত ভ্যানচালক রমজান ও অন্যান্য যাত্রীদের স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান।

সদর হাসপাতাল থেকে অবস্থার অবনতি হওয়ায় রমজানকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়। তবে পরিবারের সদস্যরা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে চুয়াডাঙ্গার নয়মাইল এলাকায় শারীরিক অবস্থার আরও অবনতি হলে পুনরায় সদর হাসপাতালে ফেরত আনেন। বিকেল ৪টায় জরুরি বিভাগে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

দুর্ঘটনার পর বাসচালক ও হেলপার পালিয়ে যায়। খবর পেয়ে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিস স্থানীয়দের সহায়তায় উল্টে থাকা বাসের নিচ থেকে পারভীনার মরদেহ উদ্ধার করে। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) খালেদুর রহমান জানান, ঘাতক বাসটি জব্দ করা হয়েছে। নিহতদের ঘটনায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে বাসের ধাক্কায় প্রাণ গেল পথচারীর

মেহেরপুরে বিআরটিসির একটি বাসের ধাক্কায় শরিফুল ইসলাম নামের এক ব্যক্তি নিহত হয়েছে। আজ রবিবার সকাল ৭টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের শহরের ব্রাক অফিসের সামনে এই দুর্ঘটনা ঘটে। নিহত শরিফুল ইসলাম শহরের মল্লিকপাড়া এলাকার খাদেমুল ইসলামের ছেলে।

প্রত্যক্ষদর্শিরা জানান, সকালে শরিফুল ইসলাম মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়ক পার হওয়ার সময় মেহেরপুর থেকে ছেড়ে যাওয়া বিআরটিসির একটি বাস তাকে ধাক্কা দেয়। এসময় তিনি সড়ক ছিটকে পড়েন এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে পৌছে মরদেহটি উদ্ধার করেন।

মেহেরপুর ফায়ার সার্ভিস ইউনিটের টিম লিডার শামীম হোসেন জানান, স্থানীয়দের দেওয়া খবরের ভিত্তিতে এসে নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেছবাহ উদ্দিন বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতলের মর্গে পাঠিয়েছে পুলিশ। নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যাবস্থা গ্রহন করা হবে।

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে

বাসের ধাক্কায় একই পরিবারের পাঁচজন নিহত

কক্সবাজারের চকরিয়া উপজেলায় যাত্রীবাহী বাসের সঙ্গে মাইক্রোবাসের সংঘর্ষে একই পরিবারের পাঁচজন নিহত হয়েছেন।গতকাল বুধবার সকালে উপজেলার ফাঁসিয়াখালী ঢাল এলাকার কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে।

মালুমঘাট হাইওয়ে পুলিশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহতরা হলেন—কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার বাটিসা এলাকার আমিনুল হকের স্ত্রী ফারজানা মজুমদার লিজা (২৫), আমিনুলের মা রুমেনা বেগম (৬০), বোন সাদিয়া হক (২৪), শাশুড়ি রিজওয়ানা ইসলাম (৫০) এবং শ্যালিকা ফারহানা মজুমদার (২৪)। তাদের মধ্যে সাদিয়া কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ও ফারহানা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষার্থী।

দুর্ঘটনায় আমিনুল হক, তার বাবা এনামুল হক এবং ছয় বছর বয়সী ছেলে সাদমান আহত হন।

ওসি মেহেদী হাসান জানান, চৌদ্দগ্রাম থেকে আমিনুল হকের পরিবার মাইক্রোবাসে কক্সবাজার বেড়াতে যাওয়ার পথে সকাল প্রায় ৯টার দিকে চট্টগ্রামগামী মার্সা পরিবহনের একটি বাসের সঙ্গে সংঘর্ষ হয়। ঘটনাস্থলেই দুজন নিহত হন এবং আরও পাঁচজন আহত হন।

আহতদের নিকটস্থ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক আরও ৩ জনকে মৃত ঘোষণা করেন। বাকিরা চিকিৎসাধীন বলে জানান ওসি।

আলমডাঙ্গায় লাটাহাম্বারের

ধাক্কায় মোটরসাইকেল আরোহী নিহত

আলমডাঙ্গা উপজেলায় আটা বোঝাই লাটাহাম্বার সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় এক শিশুসহ আরও দুইজন আহত হন।

গতকাল সোমবার আনুমানিক দুপুর ১২টার সময় আলমডাঙ্গা থানাধীন মুন্সিগঞ্জ ব্রিজ মোড়ে এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, কুষ্টিয়া থেকে চুয়াডাঙ্গা সদরগামী একটি মোটরসাইকেল মুন্সিগঞ্জ খুদিয়াখালি মোড়ে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা আটা বোঝাই একটি লাটাহাম্বার সঙ্গে সেটির মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের তীব্রতা এতটাই ছিল যে মোটরসাইকেলটি দুমড়েমুচড়ে যায় এবং এর চালক ও আরোহী গুরুতর আহত হন।

দূর্ঘটনার পরেই লাটাহাম্বার চালক পালিয়ে যায়। দুর্ঘটনার পরপরই স্থানীয়রা আহতদের উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠান। সেখানে কর্তব্যরত চিকিৎসক মোটরসাইকেল চালক ইকতার আলী (৪০)-কে মৃত ঘোষণা করেন। নিহত ইকতার আলী কুষ্টিয়ার মিরপুর থানার পোড়াদাহ চিতলিয়া গ্রামের পিয়ার আলীর ছেলে। বর্তমানে তাঁর মরদেহ সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে মোটরসাইকেল আরোহী শিশু জামিলা খাতুন (১১)। সে একই উপজেলার পয়ারী গ্রামের মোঃ জয়নালের মেয়ে।

এদিকে, জামিলা খাতুনের মা সাগরি খাতুন (২৯) মেয়ের দুর্ঘটনার খবর শুনে অপর একটি মোটরসাইকেলযোগে ঘটনাস্থলের দিকে আসার পথে মেয়ের অবস্থা দেখে মানসিক ধাক্কায় পড়ে গিয়ে সামান্য আঘাত পান।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায়

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নিহত

মেহেরপুর সদর উপজেলার ফতেপুর উত্তরপাড়া মসজিদের সামনে ট্রাকের ধাক্কায় ফারহানা ওয়াহেদা অমি (২৬) নামে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের এক ছাত্রী নিহত হয়েছেন।

আজ বুধবার (১৫ অক্টোবর) সকাল সাড়ে ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ফারহানা ওয়াহেদা অমি মেহেরপুর শহরের কাসাড়িপাড়ার আব্দুল ওয়াহেদ চঞ্চলের মেয়ে এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে অমি বাবার বাড়ি শহরের কাসাড়িপাড়া থেকে মোটরসাইকেলে করে শ্বশুরবাড়ি রামদাসপুরে যাচ্ছিলেন। পথে ফতেপুর উত্তরপাড়া মসজিদের সামনে পৌঁছালে পেছন দিক থেকে আসা একটি ট্রাক (নম্বর: ঢাকা মেট্রো ট-১৮-৪১৭৫) মোটরসাইকেলকে ধাক্কা দিলে তিনি ছিটকে পড়ে ঘটনাস্থলেই নিহত হন।

দুর্ঘটনার পর স্থানীয়রা ঘাতক ট্রাকটি আটক করে পুলিশে খবর দেন। খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজবাহ উদ্দিন জানান, নিহতের মরদেহ মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে এবং দুর্ঘটনা-সংশ্লিষ্ট ট্রাকটি জব্দ করা হয়েছে।